নির্বাচনের সময় | নির্বাচনী পরিবেশ | আইনশৃঙ্খলা | অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম

# জনগণের নির্বাচন ভাবনা জরিপ

রাউন্ড ২ – পর্ব ১ | ২১ সেপ্টেম্বর ২০২৫

Innovision Consulting – এর একটি সামাজিক গবেষণা

সহযোগিতায়ঃ

# জনগণের নির্বাচন ভাবনা জরিপ : রাউন্ড ২- পর্ব ১

*‘পিপলস ইলেকশন পালস’/ ‘জনগণের নির্বাচন ভাবনা’ একটি জনমত জরিপ যা রাজনীতি, অর্থনীতি ও সামাজিক উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন সূচকের ওপর ভোট দেওয়ার বয়সী মানুষের ধারণা ও পছন্দ জানার জন্য করা হয়ে থাকে/*

*এটি একটি ধারাবাহিক জরিপ, যার কিছু প্রশ্ন প্রতিবার একই থাকে এবং কিছু প্রশ্ন সময় ও পরিস্থিতির প্রেক্ষাপট ধারণ করার জন্য সংশোধন বা সংযোজন করা হয়।*

INNOVISION
Research | Technical Assistance | Project Management

পিপলস ইলেকশন পালস / জনগণের নির্বাচন ভাবনা জরিপ ইনোভিশন -এর একটি সামাজিক গবেষণা উদ্যোগ। এর দ্বিতীয় রাউন্ড অনুষ্ঠিত হয়েছে সেপ্টেম্বর ২-১৫, ২০২৫ পর্যন্ত।

রাউন্ড ২-এর দুটি অংশঃ পার্ট ১-এ নির্বাচনের সময়, নির্বাচনী পরিবেশ ও অন্তর্বর্তী সরকারের কাজ নিয়ে মানুষের ধারণা তুলে ধরা হয়েছে। রাউন্ড ২ হলো রাউন্ড ১-এর একটি ফলো-আপ, যা ফেব্রুয়ারি ১৯ থেকে মার্চ ৩, ২০২৫ পর্যন্ত পরিচালিত হয়েছিল। রাউন্ড ১-এর ফলাফল মার্চ ৮, ২০২৫-এ প্রকাশিত হয়েছিল।

# রাউন্ড ২- পর্ব ১: প্রধান আলোচ্য বিষয়সমূহ

| | | |
|---|---|---|
| অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম | নিরপেক্ষ নির্বাচন নিয়ে ধারণা | নির্বাচনী পরিবেশ নিয়ে ধারণা |
| আইনশৃঙ্খলা পরিস্থিতি | নির্বাচনের সময় নিয়ে ভাবনা | ভোটার উপস্থিতি |

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# নমুনা

**নমুনার আকার: ১০,৪১৩ জন ভোট দেয়ার বয়সী জনগোষ্ঠী**

(হাউজহোল্ড সার্ভে/খানার উত্তরদাতা ৯৩৯৮, বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থী ১০১৫

**জরিপের সময়কাল: সেপ্টেম্বর ২, ২০২৫ – সেপ্টেম্বর ১৫, ২০২৫**

## নমুনার বিন্যাস

নমুনার ভৌগোলিক বিস্তৃতি: ৮টি বিভাগ, ৬৪টি জেলা

এলাকাভিত্তিক নমুনা: ৬৯.৫% গ্রামীণ, ৩০.৫% শহর

লিঙ্গভিত্তিক নমুনা: ৫৪.২% পুরুষ, ৪৫.৪% নারী, ০.৪% তৃতীয় লিঙ্গ

**বয়স অনুযায়ী নমুনার প্রতিনিধিত্ব**

জেন জি (১৮-২৮ বছর): ৩৭.৬%

মিলেনিয়ালস (২৯-৪৪ বছর): ৩৩.৪%

জেন এক্স (৪৫-৬০ বছর): ১৯.৮%

৬০+ বছর: ৯.৩%

## বিভাগভিত্তিক নমুনা

| | |
|---|---|
| ঢাকা বিভাগ | ২৫.৬% |
| চট্টগ্রাম বিভাগ | ২০.৫% |
| রাজশাহী বিভাগ | ১৩% |
| খুলনা বিভাগ | ১১.২% |
| রংপুর বিভাগ | ১১% |
| ময়মনসিংহ বিভাগ | ৭.১% |
| বরিশাল বিভাগ | ৬.২% |
| সিলেট বিভাগ | ৫.৩% |

# একনজরে মূল ফলাফল

- **ভোটারদের ব্যাপক উৎসাহ:** দশজনের মধ্যে নয়জনই ভোট দিতে আগ্রহী, ৯৪.৩% বলেছেন ফেব্রুয়ারিতে নির্বাচন হলে তারা ভোট দিতে যাবেন।
- **নির্বাচনের সময়সীমার পক্ষে ব্যাপক সমর্থন:** ৮৬.৫% নাগরিক ফেব্রুয়ারি ২০২৬-এ নির্বাচনের তারিখে সম্মত।
- **অন্তর্বর্তীকালীন সরকারের কর্মকাণ্ডে সন্তোষ:** ৭৮.৭% উত্তরদাতা ড. ইউনূস-নেতৃত্বাধীন সরকারের কর্মকাণ্ডকে ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন; যার মধ্যে "ভালো" (৩৯.৫%) এবং "মোটামুটি" (৩৯.২%) রয়েছে।
- **নির্বাচনী স্বচ্ছতা ও নিরাপত্তায় বিশ্বাস:** ৬৯.৯% মনে করেন সরকার একটি নিরপেক্ষ নির্বাচন আয়োজন করতে পারবে; ৭৭.৫% বিশ্বাস করেন যে তারা নির্ভয়ে ও নিরাপদে ভোট দিতে পারবেন।
- **আইনশৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত উদ্বেগঃ** ৫৬.৬% উত্তরদাতা গত ৬ মাসে চাঁদাবাজি বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছেন।
- **নির্বাচনী সংস্কার নিয়ে সচেতনতার অভাব:** ৫৬% উত্তরদাতার আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) সিস্টেম সম্পর্কে ধারণা নেই।

✓ অন্যান্য প্রবীণ প্রজন্মের তুলনায়, ভোটের সময় পুলিশ/প্রশাসনের নিরপেক্ষতা নিয়ে 'জেন জি' প্রজন্ম কম ইতিবাচক। স্বল্পশিক্ষিত উত্তরদাতাদের তুলনায় উচ্চশিক্ষিতরা অন্তর্বর্তী সরকারের কাজে কম সন্তুষ্ট, চাঁদাবাজি বেশি বেড়েছে বলে মনে করেন এবং পিআর ব্যবস্থা সম্পর্কে বেশি সচেতন ও ইতিবাচক।


✓ সাধারণ উত্তরদাতাদের তুলনায় বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা ভোট দিতে কম আগ্রহী, নির্বাচনের সময় নিয়েও তাদের দ্বিমত বেশি এবং চাঁদাবাজি বেশি বেড়েছে বলেও তারা মনে করেন।

# ডঃ ইউনুসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার দেশ কেমন চালাচ্ছেন?

# অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম নিয়ে ধারণা

## সার্বিক চিত্র


অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম নিয়ে ভোটারদের ধারণা মূলত ইতিবাচক
(ভালো ৩৯.৫%, মোটামুটি ৩৯.২%)



# অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম নিয়ে ধারণা

## শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী

উচ্চশিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে ইতিবাচক ধারণার হার কম
(ভালো: স্নাতক ৩১.২%, কোনো শিক্ষা নেই বা প্রাক-প্রাথমিক ৪৬.২%)





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম নিয়ে ধারণা

## বয়স অনুযায়ী

সাধারণত বয়স বাড়ার সাথে ইতিবাচক ধারণার হার বাড়ার প্রবণতা দেখা যায়
(ভালো: জেন জি ৩৪.৭%, মিলেনিয়ালস ৪১.৩%, জেন এক্স- ৪২.৯%, বুমারস II- ৪৪.১%)




INNOVISION
Research | Technical Assistance | Project Management


## আপনি কি মনে করেন এই সরকার নিরপেক্ষ নির্বাচন আয়োজন করতে পারবে?

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# নিরপেক্ষ নির্বাচন আয়োজনে অন্তর্বর্তীকালীন সরকারের ওপর আস্থা

## সার্বিক চিত্র


৬৯.৯% উত্তরদাতা মনে করেন যে সরকার একটি নিরপেক্ষ নির্বাচন আয়োজনে সক্ষম হবে; ধর্মীয় পরিচয় ব্যতীত শিক্ষা, লিঙ্গ, বয়স এবং অবস্থানের ভিত্তিতে এই ফলাফলে সামঞ্জস্য রয়েছে।



# নিরপেক্ষ নির্বাচন আয়োজনে অন্তর্বর্তীকালীন সরকারের ওপর আস্থা

## ধর্মীয় পরিচয় অনুযায়ী

ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়গুলো অন্তর্বর্তীকালীন সরকারের নিরপেক্ষ নির্বাচন আয়োজনের সক্ষমতা বিষয়ে তুলনামূলকভাবে কম ইতিবাচক মনোভাব পোষণ করে।




INNOVISION
Research | Technical Assistance | Project Management


## আপনি কি মনে করেন এই এলাকায় পুলিশ ও প্রশাসন নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করবে?

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# পুলিশ ও প্রশাসন সম্পর্কে ধারণা

## সার্বিক চিত্র

বেশিরভাগ ভোট দেওয়ার বয়সী মানুষ মনে করেন পুলিশ ও প্রশাসন নিরপেক্ষভাবে তাদের দায়িত্ব পালন করবে (৬৮.২%)।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# পুলিশ ও প্রশাসন সম্পর্কে ধারণা

## বয়সের শ্রেণিবিভাগ অনুযায়ী

তরুণ প্রজন্ম 'জেন জি'-এর (৬৪.৫%) তুলনায় বয়স্করা (জেন এক্স ৭০.৪%) পুলিশ ও প্রশাসনের ওপর বেশি আস্থাশীল।




## আপনি কি মনে করেন সামনের নির্বাচনে জনগণ নির্ভয়ে এবং নিরাপদে কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবে?

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# ভোটদানের নিরাপত্তা সংক্রান্ত ধারণা

## সার্বিক চিত্র

অধিকাংশ মানুষই নিরাপদ ভোটের ব্যাপারে আশাবাদী (৭৭.৫%)।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

## আপনার এলাকায় ভোটের সময় রাজনৈতিক দলগুলোর মধ্যে সংঘর্ষ বা মারামারির সম্ভাবনা কেমন?

# নির্বাচনকালীন সংঘর্ষ বা সহিংসতার সম্ভাবনা

## সার্বিক চিত্র

অধিকাংশ ভোটার নির্বাচনকালীন সময়ে নিজ এলাকায় কম সহিংসতার সম্ভাবনা রয়েছে বলে মনে করেন।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# নির্বাচনকালীন সংঘর্ষ বা সহিংসতার সম্ভাবনা

## পারিবারিক আয়ের স্তর অনুযায়ী

স্বল্প আয়ের জনগোষ্ঠীর তুলনায় উচ্চ আয়ের জনগোষ্ঠীর মানুষের মধ্যে নির্বাচনী সহিংসতার ভয় বেশি।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# গত ৬ মাসে চাঁদাবাজির অবস্থা কেমন হয়েছে?

# চাঁদাবাজির পরিস্থিতি

## সার্বিক চিত্র

সাধারণত, বেশিরভাগ উত্তরদাতা মনে করেন গত ৬ মাসে চাঁদাবাজি বেড়েছে (৫৬.৬%)।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# চাঁদাবাজির পরিস্থিতি

## উত্তরদাতার ধরন অনুযায়ী

খানার উত্তরদাতাদের তুলনায় (৫৫.৫%) চেয়ে ছাত্রছাত্রীরা (৬৬.৫%) চাঁদাবাজি পরিস্থিতিকে বেশি খারাপ মনে করে।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# চাঁদাবাজির পরিস্থিতি

## বয়স অনুযায়ী


বয়স্কদের চেয়ে তরুণ 'জেন জি' প্রজন্ম (৬২.৩%) চাঁদাবাজি পরিস্থিতি বেশি খারাপ হয়েছে বলে মনে করে




INNOVISION
Research | Technical Assistance | Project Management

# চাঁদাবাজির পরিস্থিতি

## শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী




স্বল্পশিক্ষিত উত্তরদাতাদের তুলনায় উচ্চশিক্ষিত উত্তরদাতারা চাঁদাবাজির পরিস্থিতিকে বেশি খারাপ বলে মনে করেন।

INNOVISION
Research | Technical Assistance | Project Management


# চাঁদাবাজি সম্পর্কে আপনি কীভাবে জানতে পেরেছেন?

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# চাঁদাবাজি সম্পর্কে তথ্যের উৎস

## সার্বিক চিত্র


উত্তরদাতার অবস্থান, বয়স বা লিঙ্গ নির্বিশেষে, চাঁদাবাজি বিষয়ক তথ্যের প্রধান উৎস হলো সামাজিক যোগাযোগ মাধ্যম।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# চাঁদাবাজি সম্পর্কে তথ্যের উৎস

## শহর বনাম গ্রাম




Urban




Rural


INNOVISION
Research | Technical Assistance | Project Management

## আপনি কি মনে করেন সরকার ঘোষিত সময় অনুযায়ী ফেব্রুয়ারী ২০২৬ এই নির্বাচন হওয়া উচিত ?

# নির্বাচনের সময়

## সার্বিক চিত্র

৮৬.৫% উত্তরদাতা মনে করেন, সরকারের ঘোষণা অনুযায়ী নির্বাচন ফেব্রুয়ারি ২০২৬-এই হওয়া উচিত।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# নির্বাচনের সময়

## উত্তরদাতার ধরন অনুযায়ী

খানার উত্তরদাতাদের তুলনায় (৮.৪%) চেয়ে ছাত্রছাত্রীদের (২০.৩%) মধ্যে নির্বাচনের সময় নিয়ে দ্বিমত বেশি।




## আপনি কি মনে করেন বাংলাদেশশে সংসদে উচ্চকক্ষে পিআর পদ্ধতি ব্যবহার করা উচিত?

# সংসদের উচ্চকক্ষে আনুপাতিক প্রতিনিধিত্ব / পিআর সিস্টেম নিয়ে ধারণা

## সার্বিক চিত্র


বেশিরভাগ উত্তরদাতা (৫৬.০%) উচ্চকক্ষের পিআর ব্যবস্থা সম্পর্কে জানেন না। যারা জানেন, তাদের মধ্যে মতামত প্রায় সমানভাবে বিভক্ত (২১.৮% হ্যাঁ বলেছেন, ২২.২% না বলেছেন।




INNOVISION
Research | Technical Assistance | Project Management

# সংসদের উচ্চকক্ষে আনুপাতিক প্রতিনিধিত্ব / পিআর সিস্টেম নিয়ে ধারণা

## বয়সের শ্রেণিবিভাগ অনযায়ী





প্রবীণ প্রজন্মের তুলনায় নবীন প্রজন্ম সাধারণত এ বিষয়ে অধিক সচেতন এবং তাদের মনোভাব অধিক ইতিবাচক।

# সংসদের উচ্চকক্ষে আনুপাতিক প্রতিনিধিত্ব / পিআর সিস্টেম নিয়ে ধারণা

## শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী

উচ্চশিক্ষিত ব্যক্তিরা সংসদের উচ্চকক্ষে পিআর ব্যবস্থা সম্পর্কে অধিক সচেতন এবং অপেক্ষাকৃত বেশি ইতিবাচক মনোভাব পোষণ করেন।.




## এই ফেব্রুয়ারিতে নির্বাচন হলে আপনি কি ভোট দিতে যাবেন?

INNOVISION
Research | Technical Assistance | Project Management

# ভোট দেওয়ার আগ্রহ

## সার্বিক চিত্র

অধিকাংশ উত্তরদাতাই ফেব্রুয়ারির নির্বাচনে ভোট দিতে আগ্রহী।





INNOVISION
Research | Technical Assistance | Project Management

# ভোট দেওয়ার আগ্রহ

## উত্তরদাতার প্রকারভেদ


সার্বিকভাবে সবার মধ্যেই ভোট দেওয়ার আগ্রহ বেশি, তবে খানার উত্তরদাতাদের তুলনায় চেয়ে ছাত্রছাত্রীদের মধ্যে এই আগ্রহ কম।



# ভোট দেওয়ার আগ্রহ

## শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী

শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির সাথে সাথে ভোট দেওয়ার আগ্রহ কমতে দেখা যায়।




INNOVISION
Research | Technical Assistance | Project Management

# ধন্যবাদ!

যোগাযোগঃ

**Innovision Consulting**
Email: info@innovision-bd.com
Phone: +8801713033447
Website: www.innovision-bd.com

INNOVISION
Research | Technical Assistance | Project Management